**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১ জুলাই ২০১৫, ১৭ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অর্থ মন্ত্রণালয়ের ইফতারে প্রধানমন্ত্রী

২। ব্যাংক জালিয়াতদের ধরতে বাধা দলীয় লোকরা : অর্থমন্ত্রী

৩। কর্ণফুলীর তলদেশে টানেল নির্মাণে চীনের সঙ্গে চুক্তি সই
: ব্যয় হবে ৭০৫ মিলিয়ন মার্কিন ডলার

৪। কোরআন ও সুন্নাহবিরোধী কোনো আইন করবে না সরকার : আইনমন্ত্রী

৫। জাতীয় সংসদে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট পাস

৬। ব্রাজিল থেকে আমদানিকৃত গম খাওয়া যাবে কিনা জানতে চেয়েছে হাইকোর্ট

৭। চট্টগ্রামে ভোজ্যতেলের কন্টেইনারের কোকেন যাচ্ছিল ভারতে : গ্রেফতার আরো ৩ জন

৮। দুই প্রকল্পে ৩৭০০ কোটি টাকা ঋণ দেবে বিশ্বব্যাংক

৯। একাদশ শ্রেণিতে আজ থেকে ক্লাস শুরু
: প্রথম দিনে যোগ দিতে পারছে না কয়েক লাখ শিক্ষার্থী

১০। ১৮ বছরের কম বয়সীদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন শুরু ২৫ জুলাই

১১। তরুণরা সৎ থাকতে চায় : টিআইবি

চলমান পাতা/২

১। অর্থ মন্ত্রণালয়ের ইফতারে প্রধানমন্ত্রী

অর্থ মন্ত্রণালয় আয়োজিত ইফতার মাহফিলে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৩০ জুন মঙ্গলবার সন্ধ্যায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এ ইফতার মাহফিলে প্রধানমন্ত্রী উপস্থিত হন। ইফতারের আগে দেশ ও জাতির মঙ্গল কামনা করে বিশেষ দোয়া করা হয়। সূত্র-যায়যায়দিন (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৭), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫)।

২। ব্যাংক জালিয়াতদের ধরতে বাধা দলীয় লোকরা : অর্থমন্ত্রী

নিজেদের লোকদের সমর্থনের কারণে সোনালী ব্যাংক ও বেসিক ব্যাংকের অর্থ কেলেংকারির সঙ্গে জড়িত সবার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারিনি। সোনালী ব্যাংকের একজন ডেপুটি ম্যানেজারকে জেলে নিয়েছি। সে জেলে মারা গেছেন। আরেকজন জেলে আছেন। আরও কয়েকজন ডাইরেক্টরকে আমি কোনোমতেই জেলে নিতে পারছি না। এরা সবাই আসামি, জালিয়াতির আসামি। আমি এটাতে অত্যন্ত ক্ষুব্ধ। গতকাল ৩০ জুন মঙ্গলবার জাতীয় সংসদে বাজেট পাসের আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ ক্ষোভ প্রকাশ করেন। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (পৃ.১,ক.১)। ইত্তেফাক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। কর্ণফুলীর তলদেশে টানেল নির্মাণে চীনের সঙ্গে চুক্তি সই : ব্যয় হবে ৭০৫ মিলিয়ন মার্কিন ডলার

বাস্তবে রূপ পেতে যাচ্ছে চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে টানেল। এতে ব্যয় হবে ৭০৫ মিলিয়ন মার্কিন ডলার। গতকাল ৩০ জুন মঙ্গলবার চীনের সঙ্গে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বেইজিংয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের নেতৃত্বে বাংলাদেশের প্রতিনিধি দলের সফরে স্বাক্ষর হয় অনেক প্রত্যাশিত এই চুক্তি। প্রায় চার কিলোমিটার দীর্ঘ এ টানেল নির্মাণ কাজ শুরু হবে আগামী এপ্রিল মাসে। ২০১৮ সালের মধ্যে টানেল দিয়ে যান চলাচল শুরু হবার কথা রয়েছে। কর্ণফুলী টানেল নির্মিত হলে এটিই হবে কোনো নদীর তলদেশে দেশের সর্বপ্রথম সুড়ঙ্গপথ। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সমকাল (শেষ পৃ.,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.২)।

৪। কোরআন ও সুন্নাহবিরোধী কোনো আইন করবে না সরকার : আইনমন্ত্রী

পবিত্র কোরআন ও সুন্নাহবিরোধী কোনো আইন না করা সরকারের নীতিগত সিদ্ধান্ত বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। তিনি বলেন, তাই ওয়ারিশদের মধ্যে সম্পত্তি বিলিবণ্টনের বিষয়ে মুসলিম উত্তরাধিকার আইনে কোনো ধরনের সংশোধনী আনার পরিকল্পনা সরকারের নেই। জাতীয় সংসদে গতকাল ৩০ জুন মঙ্গলবার এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এ কথা জানান। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৫), যায়যায়দিন (পৃ.৩,ক.৫), ইনকিলাব (পৃ.১২,ক.৩), সমকাল (পৃ.২,ক.৪)।

৫। জাতীয় সংসদে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট পাস

নির্দিষ্টকরণ বিল-২০১৫ সংসদে গৃহীত হওয়ার মধ্য দিয়ে গতকাল ৩০ জুন মঙ্গলবার জাতীয় সংসদে ২০১৫-১৬ অর্থবছরের বাজেট পাস হয়েছে। আজ ১ জুলাই বুধবার থেকে এটি কার্যকর হবে। টানা দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর আওয়ামী লীগ সরকারের দ্বিতীয় বাজেট এটি। আর অর্থমন্ত্রী হিসেবে আবুল মাল আবদুল মুহিতের টানা সপ্তম বাজেট। গত ৪ জুন অর্থমন্ত্রী বাজেট পেশ করেন। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা এবং বিরোধী দলীয় নেতা রওশন এরশাদের উপস্থিতিতে গতকাল ৩০ জুন মঙ্গলবার বাজেট পাস হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮)। ইনকিলাব, ভোরের কাগজ, ফিনানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ব্রাজিল থেকে আমদানিকৃত গম খাওয়া যাবে কিনা জানতে চেয়েছে হাইকোর্ট

ব্রাজিল থেকে আমদানিকৃত গম মানুষের খাওয়ার উপযোগী কিনা তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। খাদ্য অধিদফতরের মহাপরিচালককে আগামী ৭২ ঘণ্টার মধ্যে আদালতে প্রতিবেদন দাখিল করে এ বিষয়ে জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। এক রিট আবেদনের শুনানি শেষে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের ডিভিশন বেঞ্চ গতকাল ৩০ জুন মঙ্গলবার এই রুল জারি করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৮)। যায়যায়দিন, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। চট্টগ্রামে ভোজ্যতেলের কন্টেইনারের কোকেন যাচ্ছিল ভারতে :গ্রেফতার আরো ৩ জন

চট্টগ্রামে ভোজ্যতেলের কন্টেইনারে কোকেন পাচারের ঘটনায় জড়িত থাকার অভিযোগে আরো তিনজনকে গ্রেফতার করা হয়েছে। গতকাল ৩০ জুন মঙ্গলবার শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতরের পৃথক অভিযানে তাদের রাজধানী থেকে গ্রেফতার করা হয়। এ নিয়ে কোকেন পাচারের ঘটনায় চারজন গ্রেফতার হলেন। সংবাদ সম্মেলনে অধিদফতরের মহাপরিচালক ড. মঈনুল খান বলেন, কন্টেইনারটি ভারতে রপ্তানির জন্য আতিকুলের কাছে যান। এই প্রক্রিয়ায় সহায়তার জন্য রাজু নামে এক ভারতীয় নাগরিকের চট্টগ্রামে আসার কথা ছিল। তার যেদিন আসার কথা, ওইদিনই শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদফতরের একটি টিম অভিযান চালায়। যে কারণে রাজু আর আসেননি। ড. মঈনুল খান বলেন, মোস্তফা কামাল ও আতিকুল দুজনই টাকার বিনিময়ে এ কাজ করতে চেয়েছিলেন বলে ধারণা করা

হচ্ছে। তবে জিজ্ঞাসাবাদে আরো অনেক তথ্য বের হয়ে আসবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.১)। ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। দুই প্রকল্পে ৩৭০০ কোটি টাকা ঋণ দেবে বিশ্বব্যাংক

আর্থিক খাতের উন্নয়নে এবং শহরে ভূমিকম্পের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় পৃথক দুটি প্রকল্পে ৪৭ কোটি ৩০ লাখ ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। বর্তমান বিনিময় হার অনুযায়ী যার পরিমাণ ৩ হাজার ৭০০ কোটি টাকা। গতকাল ৩০ জুন মঙ্গলবার বিশ্বব্যাংকের সঙ্গে সরকারের এ সংক্রান্ত দুটি ঋণ চুক্তি সই হয়েছে। গতকাল ৩০ জুন মঙ্গলবার এনইসি সম্মেলন কক্ষে চুক্তিতে বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ক্রিস্টিয়ান ই কাইমস সই করেন। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৭), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১৩,ক.৫), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৬)।

৯। একাদশ শ্রেণিতে আজ থেকে ক্লাস শুরু : প্রথম দিনে যোগ দিতে পারছে না কয়েক লাখ শিক্ষার্থী

আজ ১ জুলাই বুধবার ২০১৫-১৬ শিক্ষাবর্ষে সারা দেশের বিভিন্ন কলেজে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হচ্ছে। আর নানা জটিলতায় প্রথম দিনেই ক্লাসে যোগ দিতে পারছে না লাখো শিক্ষার্থী। ফরম পূরণ, ফল প্রকাশে কারিগরি জটিলতাসহ পথে পথে শিক্ষার্থীদের নাজেহাল হতে হয়েছে। এদিকে ঢাকা শিক্ষা বোর্ড প্রথম দিনে মনোনীত শিক্ষার্থীদের তালিকা দিতে না পারায় অনেক কলেজে দ্বিতীয় দিন গতকাল ৩০ জুন মঙ্গলবার বাইরের শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), নিউ এজ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৪,ক.৩)। সমকাল এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। ১৮ বছরের কম বয়সীদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন শুরু ২৫ জুলাই

সারা দেশে ১৮ বছরের কম বয়সী নাগরিকদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রম ২৫ জুলাই থেকে শুরু করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। দুই স্তরে এসব নাগরিকদের তথ্য সংগ্রহে ইসির অনুমোদনের পর গতকাল ৩০ জুন মঙ্গলবার পরিপত্র জারি করা হয়েছে। এছাড়া কী পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে সে বিষয়ে তথ্য সংগ্রহকারীদের জন্য একটি গাইড লাইন রয়েছে। এ বিষয়ে নির্বাচন কমিশনের সচিব মো. সিরাজুল ইসলাম জানান, বর্তমানে ১৫ থেকে ১৭ বছর বয়সীদের তথ্য সংগ্রহ আগামী ২৫ জুলাই থেকে শুরু হবে। দুই স্তরে তাদের তথ্য সংগ্রহ করা হবে। সূত্র-যুগান্তর (পৃ.১৭, ক.৮), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

১১। তরুণরা সৎ থাকতে চায় : টিআইবি

সততা ও নৈতিকতার প্রশ্নে দেশের যুব শ্রেণির একটা বড় অংশ ইতিবাচক মনোভাব পোষণ করেছে। যুবদের ধারণা-অসৎ ব্যক্তির চেয়ে সৎ ব্যক্তির জীবনে সফল হওয়ার সম্ভাবনা বেশি। শুধু তাই নয়, যুবদের কাছে ধনী হওয়ার চাইতে সৎ হওয়া অধিক গুরুত্বপূর্ণ। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) 'জাতীয় যুব-সততা জরিপ ২০১৫' শীর্ষক এক জরিপে এসব তথ্য উঠে এসেছে। গতকাল ৩০ জুন মঙ্গলবার ধানমন্ডির মাইডাস সেন্টারের সম্মেলন কক্ষে প্রতিবেদনটি প্রকাশ করা হয়। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), সমকাল (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : ব্রাজিল থেকে আমদানি করা নিম্নমানের গম নিয়ে অনিয়ম পুঙ্খানুপুঙ্খ তদন্ত করে কোনো অনিয়ম দুর্নীতি হয়ে থাকলে তার জন্য দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি;

খ. ইত্তেফাক : ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও সিলেট এ জেলাগুলির ভূমিকম্পের প্রভাব ও ক্ষয়ক্ষতি রোধে প্রায় ১৪০০ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করেছে সরকার এ খবরে স্বস্তি প্রকাশ;

গ. জনকণ্ঠ, যুগান্তর : একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি নিয়ে জটিলতা নিরসনে অভিজ্ঞ তথ্য প্রযুক্তিবিদদের সহযোগিতায় দ্রুত সমস্যা সমাধান করার সুপারিশ;

ঘ. সংবাদ : খেলাপি ঋণ বৃদ্ধি পেয়ে বর্তমানে ৫৪ হাজার ৬৫৭ কোটি ৬৯ লাখ টাকায় পৌঁছার কথা অর্থমন্ত্রী জাতীয় সংসদে জানিয়েছেন উল্লেখ করে ঋণ খেলাপীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে রাজনৈতিক সদিচ্ছা জরুরি বলে মন্তব্য;

ঙ. সমকাল : দেশে ১৫ বছরের ব্যবধানে হৃদরোগ, ডায়াবেটিস, ক্যান্সার ও আর্থ্রাইটিসের মতো অসংক্রামক ব্যাধি তিন থেকে চারগুণ বৃদ্ধি পাওয়ার খবর এক জরিপে উঠে এসেছে তা উদ্বেগজনক উল্লেখ করে এসব রোগ প্রতিরোধে মানুষের খাদ্যাভাস, জীবনমানের পরিবর্তন ও পুষ্টিকর খাবার গ্রহণের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি সান, যায়যায়দিন : বাংলাদেশ বিমানবাহিনীর একটি এফ-৭ জঙ্গি বিমান প্রশিক্ষণ চলাকালে বঙ্গোপসাগরে বিধ্বস্ত ও পাইলট নিখোঁজ হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনা এড়াতে যথাযথ সতর্কতা ও সুষ্ঠু ব্যবস্থাপনার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : ঈদ-উল-ফিতরের আগে বাজারে জাল নোটের ছড়াছড়ি রোধে কঠোর ব্যবস্থার দাবি;

জ. ডেইলি স্টার : নসিমন, করিমন নামের বিপদজনক বাহন দেশের দশটি জেলার রাস্তা হতে তুলে নিতে

হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে রাষ্ট্রযন্ত্রের প্রধান চালিকাশক্তি প্রশাসনিক পর্যায়ে দুর্নীতি কমাতে যথাযথভাবে পে-কমিশন বাস্তবায়ন জরুরি বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'ঢাকা নগরীর অস্বচ্ছ পরিবেশ : প্রাসঙ্গিক আলোচনা' শিরোনামের নিবন্ধে ড. এ এইচ এম জেহাদুল করিম ঢাকা শহরের ঐতিহ্যকে রক্ষণাবেক্ষণ এবং মডেল শহর হিসেবে উন্নীত করতে হলে এর সামাজিক ও পারিপার্শ্বিক সমস্যাগুলোকে দূর করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা